

স্কাউট কাব ক্যাম্পুরিতে অব্যবস্থাপনার অভিযোগ

■ কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি
গাজীপুরের কালিয়াকৈর উপজেলার
লতিফপুর এলাকায় আফাজ উদ্দিন
মেমোরিয়াল স্কুল অ্যান্ড কলেজ মাঠে
অনুষ্ঠিত কাব ক্যাম্পুরির আয়োজনে
অব্যবস্থাপনার কারণে অর্ধশতাধিক
শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে বলে
অভিযোগ পাওয়া গেছে। গত
মঙ্গলবার সকাল থেকে চার দিনব্যাপী
বাংলাদেশ স্কাউট কালিয়াকৈর
উপজেলা শাখার কাব ক্যাম্পুরি শুরু
হয়েছে। কাব ক্যাম্পুরিতে উপজেলার
বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের এক হাজার
৩৫ শিক্ষক-শিক্ষার্থী মিলিত
হয়েছেন। গত দুই দিনে ওই
ক্যাম্পুরির অর্ধশতাধিক শিক্ষার্থী
অসুস্থ হয়ে পড়েছে।

ক্যাম্পুরিতে অংশ নেওয়া শিক্ষার্থী
ও অভিভাবকরা জানান, তাবুতে
বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের এক
হাজারের বেশি খুদে শিক্ষার্থীর নিয়ে
আসা হয়েছে। কিন্তু শিক্ষার্থীদের জন্য
ভালো তাবু ও মশা নিধনের কোনো
ব্যবস্থা গ্রহণ করা হয়নি। অতিরিক্ত
মশার কামড়, অস্বাস্থ্যকর পরিবেশ ও
খাবার খেয়ে অর্ধশতাধিক শিক্ষার্থী
অসুস্থ হয়ে পড়েছে। অসুস্থ
শিক্ষার্থীদের দেওয়া হচ্ছে না কোনো
চিকিৎসা। শিক্ষার্থীরা বিভিন্ন রোগে
আক্রান্ত হচ্ছে বলে অভিভাবকরা
অভিযোগ করেছেন।

বাংলাদেশ স্কাউট কালিয়াকৈর
উপজেলা শাখার সাধারণ সম্পাদক
মো. মজিবুর রহমান বলেন, মশা
মারার দায়িত্ব ইউএনও স্যারের।
কোনো চিকিৎসক রাখা হয়নি- এ
প্রশ্নের উত্তরে তিনি বলেন, আমি
নিজের খেয়ে বনের মোষ তাড়াতে
পারব না। ইউএনও মোহাম্মদ
সানোয়ার হোসেন জানান, অবহেলা
ও অনিয়মের বিষয়গুলো খতিয়ে
দেখছি।